

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-০৩-

তারিখঃ ০১/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ভোকেশনাল শাখাধীন প্রতিষ্ঠানসমূহ হতে শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীগনের যথাসময়ে অবসর গ্রহণ, অবসর উত্তর ছুটি ও লাম্বান্ট মঙ্গলী সংক্রান্ত দলিল পত্রাদি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তাঁর অবগতির জন্য জানান যাচ্ছে যে, গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪ এর ৪ ধারা (২০১২ সালের ২৫ আইন দ্বারা সংশোধিত) মোতাবেক কোন কর্মকর্তা/কর্মচারীর বয়স ৫৯ বছর এবং মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে ৬০ বছর অতিক্রান্ত হলে তিনি অবসর গ্রহণ করবেন।

যথাসময়ে পিআরএল গমনের লক্ষ্যে কোন কর্মকর্তা/কর্মচারী অবসর গ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র ছাড়াই প্রস্তাব প্রেরণ করেন। ফলে অফিসের কাজ যেমন বৃদ্ধি পাচ্ছে অপরদিকে পেনশন কেস নিষ্পত্তিতে জটিলতা সৃষ্টি হচ্ছে।

যথাসময়ে অবসরোত্তর ছুটিতে গমনের লক্ষ্যে বছর ভিত্তিক অবসর উত্তর ছুটিতে গমনকারী শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের নামের তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক প্রেরণ করার জন্য এবং পিআরএল এর আবেদন অধিদপ্তরে প্রেরনের সময় ওয়েব সাইটে প্রকাশিত কারিগরি শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩. অংশ-১/১০৬২ তারিখঃ ১৪/০৮/২১৬ খ্রিঃ মোতাবেক চেকলিষ্ট অনুসরণ পূর্বক অর্জিত ছুটির হিসাব বিবরণী (প্রতিটি কর্মসূলে ছক মোতাবেক পর্যায়ক্রমে বছর ভিত্তিক ছুটি অর্জন সাপেক্ষে প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছুটির প্রত্যয়ন এবং ছক মোতাবেক চাকুরী ও বছর ভিত্তিক বেতন নির্ধারনীর সার্বিক বিবরণী), ই-এলপিসি এর মূল কপি, অধ্যক্ষ কর্তৃক না-দাবী সনদ (কোন প্রকার আর্থিক পাওনাদি, অডিট আপত্তি এবং কোন মামলা সংক্রান্ত বিষয় আছে কিনা উল্লেখ পূর্বক না-দাবী প্রত্যয়ন পত্র) এসএসসি সনদ এবং চাকুরী বহি সহ যথাযথ ভাবে প্রস্তাব প্রেরনের জন্য অনুরোধ করা হল।

ক্রঃ নং	২০১৭ সনে অবসর গমনকারী কর্মকর্তা শিক্ষক-কর্মচারীদের নাম, পদবী ও কর্মসূলের নাম	কর্মকর্তা- শিক্ষক-কর্মচারীদের জন্ম তারিখ ও চাকুরীতে প্রথম যোগদানের তারিখ	পিআরএল গমনের তারিখ	মন্তব্য
০১.				

স্বাক্ষরিত/-  
(মোঃ মিজানুর রহমান)  
যুগ্ম সচিব  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক :

- ০১। অধ্যক্ষ  
ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনসিটিউট, বগুড়া।
- ০২। অধ্যক্ষ  
..... পলিটেকনিক ইনসিটিউট (ট্রেড শাখা)
- ০৩। অধ্যক্ষ  
..... টেকনিক্যাল স্কুল ও কলেজ
- ০৪। আঞ্চলিক পরিদর্শক  
..... আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়,
- ০৫। ইকুইপমেন্ট অফিসার  
সেন্ট্রাল স্টোর-কাম-সার্ভিস ওয়ার্কসপ, নারায়নগঞ্জ।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-০৩- ১৭৭) (১)

তারিখঃ ৩১/০১/২০১৭ খ্রিঃ।

অবগতির জন্য অনুলিপি দেয়া হল :-

- ১। পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নয়ন/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
- ২। সহকারী পরিচালক (শাখা-৬/৭), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সংশ্লিষ্ট নথি।

(মোঃ জহরুল ইসলাম)

সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
৩১/০১/১৭